

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯৯.০৩৭.২৩ নথির বিষয়: Rising, repair and maintenance of boundary wall at Shampur Model School pump house under MODS Zone-7, Dhaka WASA

নোট: ১ নোটের বিষয়: Rising, repair and maintenance of boundary wall at Shampur Model School pump house under MODS Zone-7, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৯/৭/২৩ ১১:৪৭ পূর্বাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন শ্যামপুর মডেল স্কুল পানির পাম্পের সীমানা প্রাচীর ও নিরাপত্তা ফটক জরাজীর্ণ অবস্থায় আছে। এম.এস স্টীলের তৈরি নিরাপত্তা ফটক দীর্ঘ দিন উন্মুক্ত স্থানে অবস্থানের কারণে বৃষ্টির পানিতে মরিচা ধরে ক্ষয় হয়ে অকার্যকর হয়ে পড়েছে। পাম্প কম্পাউন্ডের সীমানা প্রাচীর ভেঙ্গে গেছে, দেয়ালের আন্তর ও রং খসে পড়েছে। এছাড়াও পাম্প কম্পাউন্ডের পার্শ্ববর্তী রাস্তা পাম্প নির্মাণের পরবর্তী সময়ে উঁচু করার কারণে সীমানা প্রাচীর নিরাপত্তার ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতার নিচে অবস্থান করছে। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসার পানির পাম্প সমূহ অনেক গুরুত্বপূর্ণ স্থাপনা। উক্ত স্থাপনার অভ্যন্তরে উচ্চ ভোল্টেজে পরিচালিত অনেক বৈদ্যুতিক যন্ত্রপাতিসহ পানি উৎপাদন ও বিপন্ন কাজে ব্যবহৃত মূল্যবান বৈদ্যুতিক ও যান্ত্রিক মালামাল রয়েছে। তাই পানির পাম্পসমূহের নিরাপত্তা নিশ্চিত করা একান্ত আবশ্যিক। বর্তমানে শ্যামপুর মডেল স্কুল পানির পাম্পের সীমানা প্রাচীর উঁচুকরণ ও নিরাপত্তা ফটক অত্যন্ত জরুরী ভিত্তিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে আলোচ্য কাজটি সম্পাদন করার জন্য ঢাকা ওয়াসার রেট শিডিউলের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৯৮,৯২৯.০২৭ (আটানব্বই হাজার নয় শত উনত্রিশ দশমিক শূন্য দুই সাত) টাকা মাত্র।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৯/৭/২৩ ১১:৪৭ পূর্বাহ্ন

আলোচ্য কাজটি চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি -১৫.৫ হতে ব্যয়ভার বহন করা হবে (সংযুক্তি-১)।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৯/৭/২৩ ১১:৪৭ পূর্বাহ্ন

আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তিসমূহ (৫):

- ১। ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। প্রস্তাবিত ঠিকাদারের (ট্রেড লাইসেন্স, ভ্যাট, ট্যাক্স, এনআইডি ইত্যাদি) প্রয়োজনীয় কাগজপত্রাদির কপি।
- ৩। ক্যালকুলেশন শীট।
- ৪। প্রাক্কলন।
- ৫। প্রতিবেদন।


অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১৯/৭/২৩ ১১:৪৭ পূর্বাহ্ন

এমতাবস্থায়, “Rising, repair and maintenance of boundary wall at Shampur Model School pump house under MODS Zone-7, Dhaka WASA” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি অতি জরুরী বিধায় ন্যূনতম সময়ে সম্পন্ন করার লক্ষ্যে পিপিআর-২০০৮ এর ৭৬ নং বিধির ১(ট) উপ-বিধি মোতাবেক সরাসরি চুক্তির মাধ্যমে ঠিকাদার মেসার্স সুনাম এন্টারপ্রাইজ এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে “পার্ট-বি”-তে পেশকৃত সর্বমোট ৯৮,৯২৯.০২৭ (আটানব্বই হাজার নয় শত উনত্রিশ দশমিক শূন্য দুই সাত) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি মডস সার্কেল-১ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সবিনয়ে উপস্থাপন করা হ’ল।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা



১৯/৭/২৩ ১১:৫২ পূর্বাহ্ন
পল সরকার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৯/৭/২৩ ১২:৫০ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১৯/৭/২৩ ১:৩৭ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

১৯/৭/২৩ ১:৩৭ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৪/৭/২৩ ৪:৩৩ অপরাহ্ন

প্রস্তাবমতে অনুমোদিত।




২৪/৭/২৩ ৪:৩৩ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১


২৪/৭/২৩ ৪:৩৩ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ২৫/৭/২৩ ৩:১৯ অপরাহ্ন

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.4



২৫/৭/২৩ ৩:১৯ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭



২৫/৭/২৩ ৩:৪৫ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



২৫/৭/২৩ ৪:২৬ অপরাহ্ন
পল সরকার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭